যায়যায়দিন

তারিখ ... 6 MAY 2009 ...
পৃষ্ঠা ... কলাম ...

# অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা চলছে নলছিটিতে

## শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য

নলছিটি (ঝালকাঠি) সংবাদদাতা

নলছিটি উপজেলার মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলোতে পরীক্ষা চলছে অভিন্ন প্রশ্নপত্রে। ২৩ এপ্রিল থেকে উপজেলার প্রায় অর্ধশত মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে শুরু হয়েছে ষষ্ঠ থেকে দশম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষা। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের সিলেবাস অনুযায়ী নিজস্ব ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করে পরীক্ষা গ্রহণ করার কথা থাকলেও সেই নির্দেশ মানছে না নলছিটি উপজেলার কোনো স্কুল। এ ব্যাপারে নাম প্রকাশ করতে অনিচ্ছুক এক অভিভাবক অভিযোগ করে বলেন, ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত শ্রেণীভেদে জনপ্রতি ১২০ থেকে ১৫০ টাকা পরীক্ষার ফি নিয়ে অধিক লাভের আশায় স্কুলের শিক্ষকরা নিজস্ব ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন না করে সমিতির প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা নিচ্ছে।

উপজেলার অর্ধশত স্কুলের নলছিটি বালিকা মাধ্যমিক বিদ্যালয়সহ অধিকাংশ স্কুলে বাংলাদেশ শিক্ষক সমিতি প্রণীত প্রশ্নপত্র ক্রয় করে এবং নলছিটি মার্চেন্টস মাধ্যমিক বিদ্যালয়, নান্দিকাঠি মাধ্যমিক বিদ্যালয়, শংকরপাশা মাধ্যমিক বিদ্যালয়সহ বাকিরা শিক্ষক সমিতি ফেডারেশন প্রণীত প্রশ্ন ক্রয় করে পরীক্ষা নিচ্ছে। মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য করে সমিতির প্রণীত প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা নেয়ার কারণ জানতে চাইলে কয়েকটি স্কুলের প্রধান শিক্ষক কোনো সদুত্তর দিতে পারেননি। তবে নলছিটি বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জলিলুর রহমান আকন্দ বলেন, বর্তমানে ষষ্ঠ শ্রেণী থেকে, সৃজনশীল পদ্ধতি চালু হওয়ায় নিজস্ব ব্যবস্থাপনায় প্রশ্ন করা যাচ্ছে না। যেহেতু পদ্ধতিটি নতুন, তাই স্কুলের শিক্ষকদের সৃজনশীল পদ্ধতিতে পর্যাপ্ত প্রশিক্ষণ ও অভিজ্ঞতার অভাব রয়েছে। এ অবস্থায় উপজেলা পর্যায়ের মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলোর শিক্ষকদের প্রশিক্ষণের মাধ্যমে অভিজ্ঞ করে না তোলা হলে তাদের পক্ষে সৃজনশীল পদ্ধতির প্রশ্নপত্র প্রণয়ন করা কষ্টসাধ্য। নলছিটি উপজেলার কোনো স্কুলেই এর আগে কখনো নিজস্ব ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করে পরীক্ষা নিতে দেখা যায়নি। এ ব্যাপারে নলছিটি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হারুন অর রশিদ জানান, অফিসের বিভিন্ন কাজের চাপে তিনি এখনো স্কুলে গিয়ে প্রশ্নপত্র দেখতে পারেননি। তবে দু'একদিনের মধ্যে স্কুল পরিদর্শনে যাবেন এবং প্রশ্নপত্র সংগ্রহ করবেন।